

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পাস-২ শাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০৮৫.০১৪.০১.০০.০৩৬.২০১৫ (অংশ-২)-৩১৬

তারিখ : ১৫ মে ২০১৮


বিষয় : ঢাকা ওয়াসার 'পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার নির্মাণ (ফেজ-১) প্রকল্প' এর ঠিকাদারী কাজের বিল পরিশোধের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : ঢাকা ওয়াসার স্মারক নং- ৪৬.১১৩.৬১৯.০০.০০.১১২.২০১৪-২৩৯ তারিখঃ ২৩/০৪/২০১৮

ঢাকা ওয়াসার 'পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার নির্মাণ (ফেজ-১) প্রকল্প'-টি উন্নয়ন সহযোগী সংস্থা The Export-Import Bank of China এর আর্থিক ঋণ সহায়তায় বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পে অর্থায়নের বিষয়ে বাংলাদেশ সরকার এবং The Export-Import Bank of China এর মধ্যে একটি ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়। ঋণ চুক্তির শর্তানুযায়ী প্রকল্পের নির্মাণ কাজ সম্পাদনের জন্য চীন সরকার কর্তৃক মনোনিত চীনা রাষ্ট্রায়াত্ত ঠিকাদারী প্রতিষ্ঠান M/S China CAMC Engineering Co. Ltd. (CAMCE) এবং ঢাকা ওয়াসার মধ্যে একটি Commercial Contract স্বাক্ষরিত হয়। উক্ত Commercial Contract এর আওতায় ঠিকাদার CAMCE কর্তৃক প্রকল্পের পানি শোধনাগারের নির্মাণ কাজের জন্য বিভিন্ন মালামাল/যন্ত্রপাতি আমদানি ও স্থাপন এবং পূর্ত নির্মাণ কাজের বিল বাবদ ১০টি ইনভয়েস দাখিল করা হয়েছে। উক্ত ইনভয়েস মোতাবেক পরিশোধযোগ্য বিলের পরিমাণ ১০,৫৯,৩১৬.১৫ + ১৫,০৪,০৬৭.৫৫ + ২৮,৬৯,৮৬৮.০৯ + ৪২,১৯,৩৪৭.৯০ + ৪৩,৩৭,৫১১.৩২ + ৪,২১,২৬৬.৪২ + ৪২,১৬,৩৩১.৪৬ + ৪৮,১৫,৪০২.৮২ + ৭,৪২,১৫৪.৭৩ + ৪৫,১১,৩৭২.৯০ = ২,৮৬,৯৬,৬৩৯.৩৩ (দুই কোটি ছিয়াশি লক্ষ ছিয়ানব্বই হাজার ছয়শত উনচল্লিশ দশমিক তিন তিন) আমেরিকান ডলার। চুক্তি অনুযায়ী উক্ত অর্থ The Export-Import Bank of China এর মাধ্যমে ঠিকাদার CAMCE এর অনুকূলে পরিশোধের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঢাকা ওয়াসা অনুরোধ করেছে।

২। এমতাবস্থায়, ঢাকা ওয়াসার 'পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার নির্মাণ প্রকল্প'-এর ঠিকাদারী বিল বাবদ দাখিলকৃত ২,৮৬,৯৬,৬৩৯.৩৩ (দুই কোটি ছিয়াশি লক্ষ ছিয়ানব্বই হাজার ছয়শত উনচল্লিশ দশমিক তিন তিন) আমেরিকান ডলার বিধি মোতাবেক ঠিকাদারী প্রতিষ্ঠান M/S China CAMC Engineering Co. Ltd. (CAMCE) এর অনুকূলে The Export-Import Bank of China এর মাধ্যমে পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

  
(ড. কে এম কামরুজ্জামান সেলিম)

উপসচিব

ফোন : ৯৫৪০৩৭০

watersupply\_02@yahoo.com

সচিব

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

শের-ই-বাংলা নগর, ঢাকা।

(দৃঃ আঃ উপসচিব, এশিয়া-৩ অধিশাখা)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে

১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।

২। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, ঢাকা।

৩। প্রকল্প পরিচালক, 'পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার নির্মাণ প্রকল্প', ঢাকা ওয়াসা।

৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।